স্নাতক পাঠক্রম (B.D.P.)

শিক্ষাবর্ষান্ত পরীক্ষা (Term End Examination) :

ডিসেম্বর, ২০১৫ ও জুন, ২০১৬

বাংলা (Bengali)

ঐচ্ছিক পাঠক্রম (Elective)

পঞ্চম পত্র (5th Paper : **Probondho Ebong Romyarachona**)

সময় ঃ চার ঘণ্টা **পূর্ণমান ঃ ১০০**

(মানের গুরুত্ব ঃ ৭০%)

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

১। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন ঃ ২০ × ২ = ৪০

(ক) আপনার পাঠ্য বঙ্কিমচন্দ্রের 'গীতিকাব্য' প্রবন্ধটির প্রথমাংশ ও দ্বিতীয়াংশের মূল বক্তব্য উপস্থাপিত করে এবিষয়ে আপনার অভিমত লিখুন।

(খ) 'কালান্তর' প্রবন্ধে রবীন্দ্রনাথ প্রথম মহাযুদ্ধ পূর্ববর্তী ও পরবর্তী য়ূরোপীয় মনোভাবের কথা বলেছেন তার তুলনামূলক আলোচনা করুন।

(গ) 'সভ্যতার সঙ্কট' ও 'কালান্তর' প্রবন্ধ দুটির ভাবগত সাদৃশ্যের ওপর আলোকপাত করুন।

(ঘ) রাজতান্ত্রিক ও প্রজাতান্ত্রিক শাসনব্যবস্থার দোষ-গুণ সম্পর্কে বিবেকানন্দ তাঁর 'শূদ্র জাগরণ' প্রবন্ধে যে মন্তব্য করেছেন তার ওপর আলোকপাত করুন।

২। যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দিন ঃ ১২ × ৩ = ৩৬

(ক) 'বই কেনা' প্রবন্ধটির মূল তাৎপর্য ব্যাখ্যা করে প্রাবন্ধিকের দৃষ্টিভঙ্গির অভিনবত্ব সম্পর্কে আপনার অভিমত দিন।

(খ) ''যেমন বাজে খরচ, তেমনি বাজে কথা। বাজে কথাতেই মানুষ আপনাকে ধরা দেয়।'' উদ্ধৃতিটির নিরিখে 'বাজে কথা' প্রবন্ধে উপস্থাপিত রবীন্দ্রনাথের বক্তব্য সম্পর্কে লিখুন।

(গ) 'পতঙ্গ' প্রবন্ধটিতে কমলাকান্তের আত্ম-উপলব্ধির যে পরিচয় পরিস্ফুট তার পরিচয় দিন।

(ঘ) 'চড়ক' রচনাটির মধ্যে সমাজসংস্কারক কালীপ্রসন্নের চিন্তা-ভাবনা প্রকাশিত — মন্তব্যটির তাৎপর্য ব্যাখ্যা করুন।

(ঙ) সংস্কৃতির রূপান্তর সাধনের ক্ষেত্রে মধ্যবিত্তদের ভূমিকা এবং লোকসাহিত্যের ভূমিকা প্রসঙ্গে আলোচনা করুন।

(চ) প্রমথ চৌধুরীর 'বই পড়া' প্রবন্ধটির রচনাশৈলী সম্পর্কে আলোচনা করুন।

৩। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিন ঃ ৬ × ৪ = ২৪

(ক) প্রত্যেক ঘটনার 'সম্বন্ধ' ও 'শৃঙ্খলা' সম্পর্কে প্রাবন্ধিক রামেন্দ্রসুন্দরের বক্তব্য কী ?

(খ) ব্রিটিশ শাসনব্যবস্থার গুণের দিকটি সম্পর্কে বিবেকানন্দ তাঁর প্রবন্ধে কী মন্তব্য করেছেন ?

(গ) 'মহামানবে'র কর্তব্যভূমি কেন সমগ্র বিশ্বজুড়ে বিদ্যমান ?

(ঘ) যন্ত্রচালনার শিক্ষা জাপানে কী ফল ফলিয়েছিল ? শাসিত ভারতবর্ষের সঙ্গে এর তুলনা করুন।

(ঙ) ''য়ূরোপের শুভবুদ্ধি আপনার পর বিশ্বাস হারিয়েছে'' — এই মন্তব্যটির তাৎপর্য ব্যাখ্যা করুন।

(চ) শাসকরূপে ইংরেজরা না এলে এদেশের কী ক্ষতি হত বলে বঙ্কিমচন্দ্র মনে করেছেন ?

(ছ) ক্লাসিক সাহিত্য সম্পর্কে প্রমথ চৌধুরীর অভিমত কেমন ছিল ?

(জ) বঙ্কিমচন্দ্রের অনুসরণে সংক্ষেপে 'গীতিকাব্যে'র সংজ্ঞা দিন।